গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়
রাজস্ব (এসএ) শাখা
www.panchagarh.gov.bd

**পঞ্চগড় জেলার জুলাই ২০২৬ মাসের আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত টাস্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোসা: শুকরিয়া পারভীন<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৬ জুলাই ২০২৬ |
| সভার সময় | সকাল ১০:২০ মিনিট |
| স্থান | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড় |
| উপস্থিতি | উপস্থিত সদস্যদের নামের তালিকা নথিতে সংরক্ষিত আছে |

উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে রেভিনিউ ডেপুটি কালেক্টর, পঞ্চগড় গত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন ও অগ্রগতি উপস্থাপন করেন। জুন ২০২৬ মাসের আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত টাস্কফোর্স সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন করা হয়।

১ম, ২য় ও ৩য় পর্যায়ে পুনর্বাসিত ভূমিহীন ও গৃহহীন পরিবারের উপজেলাভিত্তিক তথ্য

| ক্রম | উপজেলার নাম | ১ম পর্যায় | ২য় পর্যায় | ৩য় পর্যায় | মোট (১ম, ২য় ও ৩য় পর্যায়) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | পঞ্চগড় সদর | ২০৮ | ৬৩৬ | ৬৫২ | ১৪৯৬ |
| ২ | বোদা | ৫৫ | ১৭ | ৩৫১ | ৪২৩ |
| ৩ | দেবীগঞ্জ | ৫৮২ | ৪৫১ | ৭৭০ | ১৮০৩ |
| ৪ | তেঁতুলিয়া | ১৪২ | ১৩৫ | ৪৫০ | ৭২৭ |
| ৫ | আটোয়ারী | ৭০ | ১২০ | ২১১ | ৪০১ |
| | মোট | ১০৫৭ | ১৩৫৯ | ২৪৩৪ | ৪৮৫০ |

আশ্রয়ণ প্রকল্পের উপজেলাভিত্তিক তথ্য

| ক্রম | উপজেলার নাম | আশ্রয়ণ প্রকল্পের সংখ্যা | জমির পরিমাণ | ব্যারাক সংখ্যা | পুনর্বাসিত পরিবার সংখ্যা | বর্তমানে বৈধভাবে বসবাসকারী পরিবারের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | পঞ্চগড় সদর | ০৯ | ৩৩.১৭ | ৮৬ | ৬৩৫ | ৮০২ |
| ২ | বোদা | ০১ | ০.৫০ | ০৪ | ২০ | ১৬৯ |
| ৩ | দেবীগঞ্জ | ০৪ | ৩২.৭১ | ৪৯ | ৪৯০ | |
| ৪ | তেঁতুলিয়া | ০২ | ১০.০৪ | ১২ | ১২০ | |
| ৫ | আটোয়ারী | ০৪ | ১৯.৪২ | ২৭ | ২৩০ | |
| | মোট | ২০ | ৯৫.৮৪ | ১৭৮ | ১৪৯৫ | |

আশ্রয়ণ প্রকল্পের উপজেলাভিত্তিক বসবাসকারীর তথ্য

| ক্রম | উপজেলার নাম | বর্তমানে বৈধ বসবাসরত পরিবারের সংখ্যা | খালি ঘরের সংখ্যা | অবৈধভাবে বসবাসকারীর সংখ্যা | অবৈধভাবে বসবাসের কারণ | অবৈধ দখলদারের বিরুদ্ধে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | পঞ্চগড় সদর | ৮০২ | ১৬২ | ৫১ | ভূমিহীন হওয়ায় বসবাস শুরু করেন | অবৈধ বসবাসকারীকে বন্দোবস্ত নেওয়ার জন্য আবেদন করতে বলা হয়েছে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২ | বোদা | ১৬৯ | - | ০৯ | নিজস্ব জমি ও বসতবাড়ি নেই | অবৈধ বসবাসকারীকে ঘর ছেড়ে দেওয়ার জন্য বলা হয়েছে। |
| ৩ | দেবীগঞ্জ | ৯২২ | ১২০ | - | - | |
| ৪ | তেঁতুলিয়া | ৭০৩ | ১৩ | ১৮ | নিজস্ব জমি নেই | অবৈধ বসবাসকারীকে বন্দোবস্ত নেওয়ার জন্য আবেদন করতে বলা হয়েছে/সতর্ক করা হয়েছে |
| ৫ | আটোয়ারী | ১৩৯ | ৪৫ | ২৪ | নিজস্ব জমি ও বসতবাড়ি নেই | অবৈধ বসবাসকারীকে ঘর ছেড়ে দেওয়ার জন্য বলা হয়েছে। |
| | মোট | ২৭৩৫ | ৩৪০ | ১০২ | - | - |

গুচ্ছগ্রাম পরিবারের উপজেলা ভিত্তিক তথ্য

| ক্রম | উপজেলার নাম | গুচ্ছগ্রাম প্রকল্পের সংখ্যা | মোট পরিবারের সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | পঞ্চগড় সদর | ০৩ | ১২৪ |
| ২ | বোদা | ০৫ | ১৯০ |
| ৩ | দেবীগঞ্জ | ১৩ | ৪৫৯ |
| ৪ | তেঁতুলিয়া | ০৩ | ৬৩ |
| ৫ | আটোয়ারী | ০৭ | ১৯৫ |
| | মোট | ৩১টি | ১০৩১ |

আদর্শগ্রাম পরিবারের উপজেলা ভিত্তিক তথ্য

| ক্রম | উপজেলার নাম | আদর্শগ্রাম প্রকল্পের সংখ্যা | মোট পরিবারের সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | দেবীগঞ্জ | ০১ | ৪০ |
| ২ | বোদা | ০১ | ৪০ |
| | মোট | ০২টি | ৮০ |

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th colspan="3">আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td rowspan="7">২.১</td><td rowspan="7">আশ্রয়ণ প্রকল্প পরিদর্শন</td><td colspan="3">প্রমাপ</td><td rowspan="7">প্রমাপ অনুযায়ী আশ্রয়ণ প্রকল্প পরিদর্শন/দর্শন করতে হবে। পরিদর্শন/দর্শন ফরমের ছক অনুযায়ী বিস্তারিত তথ্য প্রতিবেদনে উল্লেখপূর্বক মন্তব্য কলাম যথাযথভাবে পূরণ করে এ কার্যালয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।</td><td rowspan="7">১. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পঞ্চগড়<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড়<br>৩. সহকারী কমিশনার (ভূমি) (সকল), পঞ্চগড়</td></tr>
<tr><td>পরিদর্শনকারী কর্মকর্তা</td><td>পরিদর্শনের সংখ্যা</td><td>দর্শন সংখ্যা</td></tr>
<tr><td>জেলা প্রশাসক</td><td>-</td><td>১</td></tr>
<tr><td>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)</td><td>১</td><td>১</td></tr>
<tr><td>উপজেলা নির্বাহী অফিসার</td><td>১</td><td>-</td></tr>
<tr><td>সহকারী কমিশনার (ভূমি)</td><td>১</td><td>১</td></tr>
<tr><td colspan="3">সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পঞ্চগড় প্রমাপ (Benchmark) অনুযায়ী আশ্রয়ণ প্রকল্পসমূহের নিয়মিত পরিদর্শন প্রতিবেদন প্রতি মাসের ১০ (দশ) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২.২ | আশ্রয়ণ প্রকল্পের পুরাতন আশ্রয়ণ প্রকল্প/আবাসন প্রকল্প/গুচ্ছগ্রামের তথ্য প্রেরণ | সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পঞ্চগড় জানান যে, পঞ্চগড় জেলায় আশ্রয়ণ, আবাসন, গুচ্ছগ্রাম ও আদর্শগ্রাম প্রকল্পের জরাজীর্ণ ব্যারাকের সংখ্যা, উপকারভোগী পরিবারের সংখ্যা, বর্তমানে বসবাসরত পরিবারের সংখ্যা এবং অবৈধ বসবাসকারীর সংখ্যা সংক্রান্ত হালনাগাদ তথ্য প্রস্তুত করা প্রয়োজন। উল্লিখিত তথ্যসমূহ প্রকল্প পরিদর্শন প্রতিবেদনের সাথে যুক্ত করে এ কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | পঞ্চগড় জেলায় আশ্রয়ণ প্রকল্প, আবাসন প্রকল্প, গুচ্ছগ্রাম ও আদর্শগ্রাম প্রকল্পসমূহে মোট ২,৮৪২টি উপকারভোগী পরিবারের মধ্যে বর্তমানে ২৭,৫০টি বৈধ বসবাসকারী এবং ৯২টি অবৈধ বসবাসকারী পরিবার রয়েছে। উক্ত অবৈধ বসবাসকারী পরিবারসমূহ সুনির্দিষ্টভাবে কোন কোন প্রকল্পের আওতায় রয়েছে, সে সংক্রান্ত বিস্তারিত ও সঠিক তথ্য অবিলম্বে জেলা প্রশাসকের কার্যালয়ে (রাজস্ব শাখা) প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড়<br><br>২. সহকারী কমিশনার (ভূমি) (সকল), পঞ্চগড় |
| ২.৩ | আশ্রয়ণ প্রকল্পের বন্দোবস্ত বাতিল ও অনুমোদনের প্রস্তাব সংক্রান্ত | সভায় রেভিনিউ ডেপুটি কালেক্টর (আরডিসি), পঞ্চগড় জানান যে, পঞ্চগড় জেলায় ১ম, ২য় এবং ৩য় পর্যায়ে মোট ৪,৮৫০টি ভূমিহীন ও গৃহহীন পরিবারকে পুনর্বাসন করা হয়েছে। তন্মধ্যে পঞ্চগড় সদর উপজেলায় ১৬২টি, দেবীগঞ্জ উপজেলায় ১২০টি, তেঁতুলিয়া উপজেলায় ১৩টি এবং আটোয়ারী উপজেলায় ৪৫টিসহ সর্বমোট ৩৪০টি ঘর বর্তমানে ফাঁকা রয়েছে। কোনো ঘর ফাঁকা থাকলে বিদ্যমান নীতিমালা অনুযায়ী পূর্বের বন্দোবস্ত বাতিলপূর্বক নতুন কোনো যোগ্য ভূমিহীন পরিবার পাওয়া গেলে, তাদের অনুকূলে দ্রুত বন্দোবস্তের প্রস্তাব প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আশ্রয়ণ প্রকল্পের কোন ঘর ফাঁকা থাকলে বিদ্যমান নীতিমালা অনুযায়ী পূর্বের বন্দোবস্ত বাতিল করে নতুন করে ভূমিহীনদের অনুকূলে বন্দোবস্তের প্রস্তাব দাখিল করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড়<br><br>২. সহকারী কমিশনার (ভূমি) (সকল), পঞ্চগড় |
| ২.৪ | জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড় | সভায় উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড় জানান যে, আশ্রয়ণ প্রকল্পে বসবাসরত উপকারভোগীদের জীবনমান উন্নয়ন ও আত্মকর্মসংস্থান নিশ্চিত করার লক্ষ্যে আয়বর্ধক কর্মসূচির অংশ হিসেবে পঞ্চগড় জেলায় ৩১৮টি পারিবারিক পুষ্টি বাগান (পেয়ারা, লেবু, পেঁপে, আম এবং মাল্টা) স্থাপন করা হয়েছে। উক্ত বাগান ব্যবস্থাপনায় ইউনিয়ন পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কর্তৃক এ পর্যন্ত ১,০৩৯ জন উপকারভোগীকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সভাপতি আশ্রয়ণ প্রকল্পসমূহের প্রত্যেকটি ফাঁকা স্থানে শাক-সবজি চাষ এবং ফলদ ও বনজ বৃক্ষরোপণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | আশ্রয়ণ প্রকল্পসমূহে বসবাসরত উপকারভোগীদের জীবনমান উন্নয়ন ও আত্মকর্মসংস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করতে হবে। একই সাথে, প্রকল্প এলাকার প্রতিটি ফাঁকা স্থানে শাক-সবজি চাষ এবং ফলদ ও বনজ বৃক্ষরোপণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড় |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.৫ | জেলা প্রাণিসম্পদ অধিদপ্তর, পঞ্চগড় | সভায় জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পঞ্চগড় জানান যে, আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের গবাদিপশু ও হাঁস-মুরগির স্বাস্থ্য সুরক্ষায় নিয়মিত কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এর অংশ হিসেবে পঞ্চগড় সদর উপজেলার মাহানপাড়া আশ্রয়ণ প্রকল্পের ২৮ জন উপকারভোগীকে ৯০টি গবাদিপশুর টিকা ও ৮১টি হাঁস-মুরগির চিকিৎসা এবং দেবীগঞ্জ উপজেলার গড়দিঘী আশ্রয়ণ প্রকল্পের ৫৪ জন উপকারভোগীকে ৯০টি গবাদিপশুর টিকা ও ৮১টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়া তেঁতুলিয়া উপজেলার খয়খাটপাড়া তিরনইহাট আশ্রয়ণ প্রকল্পের ৩০ জন উপকারভোগীকে ২০টি গবাদিপশুর টিকা, ১০০টি হাঁস-মুরগির টিকা এবং ২টি গবাদিপশুর চিকিৎসা দেওয়া হয়েছে। পাশাপাশি প্রতিটি আশ্রয়ণ প্রকল্পে পারিবারিকভাবে মুরগি পালন সংক্রান্ত উঠান বৈঠক সম্পন্ন হয়েছে।<br>সভাপতি, আশ্রয়ণ প্রকল্পসমূহে বসবাসরত উপকারভোগীদের জীবনমান উন্নয়ন ও আত্মকর্মসংস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের সাথে পরামর্শক্রমে হাঁস-মুরগি ও গবাদিপশু পালনে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের জন্য জেলা ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন। | ১. জেলা ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণ কর্তৃক সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের সাথে পরামর্শক্রমে আশ্রয়ণ প্রকল্পসমূহে বসবাসরত উপকারভোগীদের জীবনমান উন্নয়ন ও আত্মকর্মসংস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে আয়বর্ধক কর্মসূচি গ্রহণ করতে হবে।<br>২. আশ্রয়ণ প্রকল্পসমূহে গবাদিপশু ও হাঁস-মুরগি পালনে পুনর্বাসিত কতটি পরিবারকে কোন প্রকল্পে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, সে সংক্রান্ত একটি সুনির্দিষ্ট মাসিক প্রতিবেদন নিয়মিত জেলা প্রশাসকের কার্যালয়ে (রাজস্ব শাখা) প্রেরণ করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড়<br>২. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পঞ্চগড় |
| ২.৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড় | সভায় নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড় জানান যে, বিধি মোতাবেক নির্মিত ঘরগুলোতে উপকারভোগীদের সুপেয় পানির সুবিধার্থে নলকূপ ও শৌচাগারের ব্যবস্থা করা হয়েছে। সভাপতি, আশ্রয়ণ প্রকল্পসমূহের অকেজো বা ক্ষতিগ্রস্ত নলকূপসমূহের চেক ভালভ পরিবর্তন এবং নারীদের জন্য স্নানাগার (গোসলখানা) নির্মাণের লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড়-কে নির্দেশনা প্রদান করেন। | আশ্রয়ণ প্রকল্পসমূহের অকেজো ও ক্ষতিগ্রস্ত নলকূপসমূহের (টিউবওয়েল) চেক ভালভ জরুরি ভিত্তিতে মেরামত বা পরিবর্তন করতে হবে। একই সাথে, উপকারভোগী নারীদের সুবিধার্থে প্রকল্প এলাকায় স্নানাগার (গোসলখানা) নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড়<br>২. নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড় |
| ২.৭ | জেলা পরিবার পরিকল্পনা বিভাগ, পঞ্চগড় | সভায় উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, পঞ্চগড় জানান যে, আশ্রয়ণ-২ প্রকল্পের উপকারভোগীদের পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ সংক্রান্ত জুন/২০২৬ খ্রি. মাসের প্রতিবেদন অনুযায়ী জেলার ০৫টি উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা ২,০২৩ জন, জীবিত সন্তানের সংখ্যা ৪,৭০১ জন, চলতি মাসে নবজাতকের (সন্তান) জন্মের সংখ্যা ১১ জন, মোট গর্ভবতী নারীর সংখ্যা ৫৬ জন এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ১,৭১৪ জন।<br>সভাপতি আশ্রয়ণ-২ প্রকল্পগুলোতে গর্ভবতী মায়েদের নিরাপদ সন্তান প্রসবের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে নিয়মিত উঠান বৈঠক আয়োজনের জন্য উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, পঞ্চগড়-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | আশ্রয়ণ প্রকল্পসমূহে গর্ভবতী মায়েদের নিরাপদ সন্তান প্রসবের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিমূলক উঠান বৈঠক কার্যক্রম জোরদার করতে হবে। একই সাথে, এ সংক্রান্ত অগ্রগতি ও সুনির্দিষ্ট তথ্যাদি নিয়মিত মাসিক প্রতিবেদনের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়ে (রাজস্ব শাখা) প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা বিভাগ, পঞ্চগড় |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.৮ | জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পঞ্চগড় | সভায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পঞ্চগড় জানান যে, প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী পঞ্চগড় জেলার আশ্রয়ণ প্রকল্পসমূহে বসবাসরত পরিবারগুলোর মধ্যে পঞ্চগড় সদর উপজেলায় ৪২৬ জন, তেঁতুলিয়া উপজেলায় ১৫০ জন, আটোয়ারী উপজেলায় ১২৩ জন, দেবীগঞ্জ উপজেলায় ৪৩২ জন এবং বোদা উপজেলায় ১২৩ জন শিক্ষার্থী স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হয়েছে। তিনি এবং তাঁর অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীগণ নির্মিত আশ্রয়ণ প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন করছেন। সভাপতি আশ্রয়ণে বসবাসরত স্কুলগামী শিক্ষার্থীরা যেন উপবৃত্তিসহ সরকারের সকল সুযোগ-সুবিধা যথানিয়মে পেয়ে থাকে এবং কোনো শিক্ষার্থী যেন বিদ্যালয় হতে S‡o না পড়ে, তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | ১. আশ্রয়ণে বসবাসরত স্কুলগামী শিক্ষার্থীরা উপবৃত্তিসহ সরকারের সকল সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত না হয় এ বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।<br>২. আশ্রয়ণে বসবাসরত শিশুরা যেন নিকটবর্তী স্কুলে অবশ্যই ভর্তি হয় এবং কোনো শিক্ষার্থী যেন S‡o না পড়ে এ বিষয়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পঞ্চগড় |
| ২.৯ | আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের ঋণ আদায় সংক্রান্ত (জেলা সমবায় বিভাগ) | সভায় রেভিনিউ ডেপুটি কালেক্টর, পঞ্চগড় জানান যে, জেলা সমবায় কর্মকর্তার প্রতিবেদন অনুযায়ী জুন, ২০২৬ মাসে আদায়ের পরিমাণ ১,০৭,৩৫০ টাকা; মোট আদায়ের পরিমাণ ১,৯৯,৬০,৯৭২ টাকা; মোট আদায়ের শতকরা হার ৮৯%। জেলা সমবায় অফিসার, পঞ্চগড় জানান যে, আশ্রয়ণ প্রকল্পগুলোতে আপাতত ঋণ আদায়ে কোন সমস্যা নেই। সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, কাউকে চাপ প্রয়োগ করে ঋণ আদায় করা হয় না। সভাপতি প্রতিটি প্রকল্পের আদায়ের হার ১০০%-এ উন্নীত করা এবং পলাতক ও মৃত উপকারভোগীদের তালিকা করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভায় সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। | পানবাড়া, মোস্তফাপুর, উপেনচৌকি ভাজনী, পানিমাছ পুকুরী, হাড়িপুকুর, আমলাহার, লতিঝুড়ি ধাড়িয়াখুড়ি, বামনকুমার এবং বালাভীর আশ্রয়ণ প্রকল্পসহ অন্যান্য আশ্রয়ণ প্রকল্পসমূহে ঋণ আদায়ের হার ১০০% এ উন্নীত করতে হবে।<br>পলাতক ও মৃত উপকারভোগীদের তালিকা প্রস্তুত করতে হবে। | জেলা সমবায় অফিসার, পঞ্চগড় |
| ২.১০ | আশ্রয়ণ এবং আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ আদায় সংক্রান্ত (সমাজসেবা) | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, পঞ্চগড় আশ্রয়ণ-২ এবং আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পে ঋণ বিতরণ ও আদায়ের তথ্য সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত তথ্য অনুযায়ী রাজারপাট ভাঙ্গা আশ্রয়ণ প্রকল্পে আদায়ের হার ৮০%, ডুডুমারী আশ্রয়ণে ১০০% আদায় করে ২,৫০,০০০/- টাকা পুনঃবিনিয়োগ করা হয়েছে। রাজারপাট/ডুডুমারী/ঝালেংগীগজ আশ্রয়ণ প্রকল্পে ২০ জনকে বয়স্ক ভাতা, ২৩ জনকে বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, ১৩ জনকে প্রতিবন্ধী ভাতা প্রদান করা হয়েছে। সভাপতি আশ্রয়ণ প্রকল্প গুলোতে ফ্যামিলি কার্ডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | শতভাগ ঋণ আদায় ও ফ্যামিলি কার্ডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, পঞ্চগড় |
| ২.১১ | গুচ্ছগ্রাম এবং আর্দশগ্রাম প্রকল্পের ঋণ আদায় সংক্রান্ত (বিআরডিবি) | উপপরিচালক, বিআরডিবি, পঞ্চগড় গুচ্ছগ্রাম এবং আর্দশগ্রাম প্রকল্পে ঋণ বিতরণ ও আদায়ের তথ্য সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত তথ্য অনুযায়ী জুন, ২০২৬ গুচ্ছগ্রামের আদায়ের হার ৬৬% এবং আদর্শগ্রামের আদায়ের হার ৮৬%। সভাপতি প্রতিটি প্রকল্পের আদায়ের হার ১০০% এ উন্নীত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভায় সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। | প্রতি মাসে সন্তোষজনক হারে ঋণ আদায় করতে হবে। | উপপরিচালক বিআরডিবি, পঞ্চগড় |
| ২.১২ | জেলা মৎস্য অধিদপ্তর পঞ্চগড় | জেলা মৎস্য কর্মকর্তা জানান যে, পঞ্চগড় সদর উপজেলায় ২০ জন, তেঁতুলিয়া উপজেলায় ২০ জনসহ মোট ৪০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সকল আশ্রয়ণ (নবনির্মিতসহ), গুচ্ছগ্রাম, আবাসন ও আদর্শগ্রাম প্রকল্প এলাকাসমূহে মাছ চাষে নিয়মিত উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ প্রদানসহ দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। | সকল আশ্রয়ণ (নবনির্মিতসহ), গুচ্ছগ্রাম, আবাসন ও আদর্শগ্রাম প্রকল্প এলাকাসমূহে মাছ চাষে উদ্বুদ্ধকরণ ও প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে এবং প্রতি মাসের প্রতিবেদন সভার পূর্বেই প্রেরণ করতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা, পঞ্চগড় |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.১৩ | আইন-শৃঙ্খলা পরিস্থিতি | সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পঞ্চগড় জানান যে, পঞ্চগড় জেলায় ১ম, ২য় ও ৩য় পর্যায়ে মোট ৪,৮৫০টি 'ক' শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারকে একক গৃহ নির্মাণ করে বন্দোবস্ত প্রদান করা হয়েছে। যেহেতু নির্মাণকৃত একক ঘরসমূহ গুচ্ছাকারে অবস্থিত এবং সেখানে বিভিন্ন এলাকার ছিন্নমূল ও অসহায় মানুষ বসবাস করেন, সেহেতু উক্ত বড় বড় সাইট এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ বিট পুলিশ নিয়মিত পরিদর্শন করলে উপকারভোগীদের কোনো অনৈতিক কাজের সাথে সম্পৃক্ত হওয়ার আশঙ্কা থাকবে না। পুলিশ সুপার, পঞ্চগড় জানান যে, জেলার বিভিন্ন এলাকায় গুচ্ছাকারে নির্মিত একক গৃহসমূহের আইন-শৃঙ্খলার যেন কোনো অবনতি না হয়, সে বিষয়ে জেলা পুলিশ, পঞ্চগড় বদ্ধপরিকর। তিনি আরও জানান যে, আশ্রয়ণ, গুচ্ছগ্রাম, আবাসন ও আদর্শগ্রাম প্রকল্প এলাকাসমূহের আইন-শৃঙ্খলার সার্বিক পরিস্থিতি নজরদারিতে রাখার জন্য সংশ্লিষ্ট অফিসার ইনচার্জগণকে (ওসি) প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। সভাপতি জিরো লাইনে অবস্থিত আশ্রয়ণ, গুচ্ছগ্রাম, আবাসন ও আদর্শগ্রাম প্রকল্পসমূহে যেন কোনো মাদকসেবী আশ্রয় নিতে বা মাদক বিক্রি করতে না পারে, সেজন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর টহল বৃদ্ধির নির্দেশনা প্রদান করেন। | ১. গুচ্ছাকারে নির্মিত বড় বড় সাইট এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ বিট পুলিশ কর্তৃক নিয়মিত পরিদর্শন নিশ্চিত করতে হবে।<br>২. জিরো লাইনে অবস্থিত আশ্রয়ণ, গুচ্ছগ্রাম, আবাসন ও আদর্শগ্রাম প্রকল্পসমূহে যেন কোনো মাদকসেবী আশ্রয় নিতে বা মাদক বিক্রি করতে না পারে, সেজন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর টহল বৃদ্ধি করতে হবে। | ১. পুলিশ সুপার, পঞ্চগড়<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড় |
| ২.১৪ | পল্লী বিদ্যুৎ এর সংযোগ ও বিল পরিশোধ সংক্রান্ত | সভায় ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, পঞ্চগড় জানান যে, পঞ্চগড় জেলায় ১ম, ২য় ও ৩য় পর্যায়ে মোট ৪,৮৫০টি 'ক' শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারকে একক গৃহ নির্মাণ করে বন্দোবস্ত প্রদান করা হয়েছে। একই সাথে তাদের পল্লী বিদ্যুতের সংযোগও প্রদান করা হয়েছে। বর্তমানে মোট গ্রাহক সংখ্যা ৩,৯৭৫ জন, সংযোগকৃত গ্রাহক সংখ্যা ৩,১১৪ জন, বিচ্ছিন্নকৃত গ্রাহক সংখ্যা ৮৬১ জন, সংযোগকৃত বকেয়াধারী গ্রাহক সংখ্যা ১,১৫০ জন এবং বিচ্ছিন্নকৃত বকেয়াধারী গ্রাহকের সংখ্যা ৩৪০ জন। পুনর্বাসিত পরিবারগুলো যেন বিদ্যুৎ বিল বকেয়া না রাখে, এ বিষয়ে নিয়মিত মনিটরিং করার জন্য সভাপতি, ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, পঞ্চগড়-কে নির্দেশনা প্রদান করেন। | পুনর্বাসিত পরিবারগুলো যেন বিদ্যুৎ বিল বকেয়া না রাখে, এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিসহ নিয়মিত তদারকি নিশ্চিত করতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, পঞ্চগড় |
| ২.১৫ | আশ্রয়ণ প্রকল্পসমূহে সংযোগ সড়ক নির্মাণ ও মেরামত সংক্রান্ত | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি জানান যে, প্রকল্পসমূহে সংযোগ সড়ক নির্মাণের জন্য ৯৫.৭৫ কি.মি. সংযোগ সড়ক, ৬.৩৫ কি.মি. অভ্যন্তরীণ সড়ক এবং ২০৬.৬ মিটার ব্রিজ/কালভার্ট নির্মাণের প্রস্তাব প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা বরাবর প্রেরণ করা হয়েছে। সভাপতি আশ্রয়ণ প্রকল্পসমূহের যেসব এলাকায় রাস্তা, ব্রিজ ও কালভার্ট সংস্কার প্রয়োজন, তা দ্রুত মেরামতের বিষয়ে আলোচনা করেন। | **সংযোগ সড়ক নির্মাণ:** আশ্রয়ণ প্রকল্পসমূহে নির্বিঘ্ন যাতায়াত নিশ্চিত করতে প্রাক্কলন (Estimate) প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় সংযোগ সড়ক নির্মাণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>**ব্রিজ ও কালভার্ট সংস্কার:** প্রকল্প এলাকার সকল ক্ষতিগ্রস্ত ব্রিজ ও কালভার্ট দ্রুত চিহ্নিত করে তা জরুরিভিত্তিতে সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পঞ্চগড় |

০৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের নির্দেশনা দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১-০৭-২০২৬
মোসা: শুকরিয়া পারভীন
জেলা প্রশাসক

নম্বর: ০৫.৪৭.৭৭০০.০০০.০১৭.১৪.০০০১.২৬.৭৮৯

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও ,ঢাকা।
৫। ন্যাশনাল প্রজেক্ট ডাইরেক্টর, গুচ্ছগ্রাম-২য় পর্যায়, (সিভিআরপি) প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, ৩/এ, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা-১২০৫।
৬। বিভাগীয় বন কর্মকর্তা, দিনাজপুর।
৭। পুলিশ সুপার, পঞ্চগড়।
৮। সিভিল সার্জন, পঞ্চগড়।
৯। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড়।
১০। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পঞ্চগড়।
১১। জেলা মৎস্য কর্মকর্তা, পঞ্চগড়।
১২। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/বোদা/আটোয়ারী/দেবীগঞ্জ, পঞ্চগড়।
১৩। সহকারী কমিশনার (ভূমি), পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/বোদা/আটোয়ারী/দেবীগঞ্জ, পঞ্চগড়।
১৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়, (জেলা প্রশাসকের তথ্য বাতায়নে প্রচারের জন্য )।
১৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড, পঞ্চগড়।
১৬। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পঞ্চগড়।
১৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পঞ্চগড়।
১৮। জেলা সমবায় অফিসার, পঞ্চগড়।
১৯। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়/বিআরডিবি/যুব উন্নয়ন অধিদপ্তর/মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড়।
২০। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, পঞ্চগড়।
২১। জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার, পঞ্চগড়।
২২। ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, পঞ্চগড়।
২৩। জেলা রেজিস্ট্রার, পঞ্চগড়।
২৪। অফিস কপি।

৩১-০৭-২০২৬
সীমা শারমিন
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)